

সুজানগর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সেপ্টেম্বর/২০১৯ মাসের সভার কার্য-বিবরণী

সভাপতিঃ জনাব সুজিৎ দেবনাথ
উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা।

স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, সুজানগর, পাবনা।


তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০১৯, সকাল ১১-৩০ টা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সুজানগর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সেপ্টেম্বর/২০১৯ মাসের সভায় জনাব সুজিৎ দেবনাথ, উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনার সভাপতিত্বে সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্যঃ এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয়।	প্রতিটি দপ্তর প্রধানকে তার কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ জানানো হয়।	দপ্তর প্রধানগণ
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনঃ এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে সহকারী প্রোগ্রামার জানান, এ উপজেলায় ০৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। ল্যাবসমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে এবং ল্যাব পরিচালনায় সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে।	পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সহকারী প্রোগ্রামার
০৩	ইউডিসির আয় ও সেবা সংক্রান্ত তথ্য আপলোডঃ ইউডিসির'র আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	উদ্যোক্তাগণকে ইউডিসির'র আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।	উপজেলা সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ।
০৪	উপজেলা আইসিটি কমিটির সভাঃ উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠান ও কমিটির সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সহকারী প্রোগ্রামার
০৫	ই-নথির কার্যক্রম পরিচালনা সংক্রান্তঃ এ উপজেলার প্রতিটি অফিসের দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে সম্পাদন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	অফিসের দাপ্তরিক কার্যক্রম ই-নথিতে সম্পাদন করার বিষয়ে অফিস প্রধানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।	উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা সহকারী প্রোগ্রামার
০৬	মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা সংক্রান্তঃ এ উপজেলার সকল মাল্টিমিডিয়া ক্লাসরুম যথাযথভাবে পরিচালনা করার বিষয়ে আলোচনা করা হয়।	মাল্টিমিডিয়া ক্লাসরুম এর কার্যক্রমের রিপোর্ট MMC মোবাইল আ্যপ্লিকেশনের মাধ্যমে আপলোড করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষে আইসিটি বিষয়ক কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সুজিৎ দেবনাথ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

আইসিটি বিষয়ক কমিটি

সুজানগর, পাবনা

ইমেইলঃ unosujanagar@mopa.gov.bd